

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 09-06-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Oath taking :**

তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদী আজ শপথ গ্রহণ করবেন। একইসঙ্গে NDA নেতৃত্বাধীন মন্ত্রিসভার নতুন সদস্যরাও আজ শপথ নেবেন। আজ সন্ধ্যা ৭টা ১৫ মিনিটে রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু শ্রী মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের সদস্যদের শপথবাক্য পাঠ করাবেন।

আকাশবাণী, দিল্লি রাষ্ট্রপতি ভবন থেকে শপথগ্রহণ অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করবে সন্ধ্যা ৬টা ৪৫মিনিট থেকে। আকাশবাণীর এফএম গোল্ড, ইন্দ্রপ্রস্থ এবং আকাশবাণী লাইভ নিউজ 24x7 চ্যানেলে এই অনুষ্ঠান শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণীর ইউটিউব চ্যানেল, আকাশবাণী এআইআর-এও সরাসরি সম্প্রচার করা হবে।

আহমেদাবাদ, বেঙ্গালুরু, চেন্নাই, কটক, গুয়াহাটি, হায়দ্রাবাদ, ইম্ফল, কলকাতা, মুম্বাই এবং তিরুবনন্তপুরমের আকাশবাণী কেন্দ্রগুলি তাদের আঞ্চলিক ভাষায় অনুষ্ঠানের ভাষ্য সম্প্রচার করবে এবং এই ধারাভাষ্য রাজ্যগুলির সমস্ত প্রাথমিক চ্যানেল এবং স্থানীয় রেডিও স্টেশনগুলি রিলে করবে।

\*\*\*\*\*

**Cm Condolense :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল সামাজিক মাধ্যমে ধনপুর বিধানসভার তৈবান্দাল এলাকায় স্কুলের পরিত্যক্ত কুয়ো পরিষ্কার করতে গিয়ে শুক্রমনি মুড়াসিং, শম্ভু দেববর্মা ও অশোক ত্রিপুরার মৃত্যুতে শোক ব্যক্ত করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী নিহতদের আত্মার সদগতি কামনা করেন এবং শোকসন্তোষ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। উল্লেখ্য তৈবান্দালের নেউরামুড়া জে.বি স্কুলে একটি কুয়া দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় ছিল। ছাত্রছাত্রীরা যাতে এই কুয়ার জল ব্যবহার করতে পারে তারজন্য এটি পরিষ্কার করা সিদ্ধান্ত নেন বিদ্যালয় কর্তৃপক্ষ। সে অনুযায়ী আজ ৩ শ্রমিক পরিত্যক্ত কুয়াটি পরিষ্কার করার জন্য নীচে নামলে এই মর্মান্তিক ঘটনা ঘটে।

\*\*\*\*\*

#### **ADC-EXAMINATION :**

পরীক্ষার আগেই উত্তরপত্র ফাঁস হওয়ার কারণে এ ডি সি প্রশাসন আজকের সাবজোনাল ডেভেলপমেন্ট অফিসার এবং ডেপুটি প্রিন্সিপাল অফিসার পদে ১১০ টি শূন্য পদে নিয়োগ পরীক্ষা স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল সন্ধ্যায় আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে এডিসির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সি কে জমাতিয়া এ খবর জানান। তিনি জানান, উত্তরপত্র কিভাবে ফাঁস হলো এ নিয়ে বিভাগীয় তদন্ত হবে। মুখ্য নির্বাহী আধিকারিক আরো জানান, এই পরীক্ষা গ্রহণের দিনক্ষণ নিয়ে আগামী ১০ দিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। উল্লেখ্য এই ১১০টি শূন্য পদে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ২৬ হাজার।

\* \* \* \* \*

**BSF ADG :**

বিএসএফের ইসটার্ন কমান্ড এর এডিজি রবি গান্ধী গতকাল শালবাগানস্থিত বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের সদর দপ্তর পরিদর্শনে জানান। পরিদর্শনকালে তিনি বর্তমান নিরাপত্তা পরিস্থিতি নিয়ে এবং সীমান্ত ব্যবস্থাপনার বিভিন্ন প্রশাসনিক দিক নিয়েও আলোচনা করেন। এদিন এডিজিকে স্বাগত জানান আইজি এবং অন্যান্য উচ্চ পদস্থ আধিকারিকরা। পরবর্তী সময়ে এডিজি মুখ্য সচিব, জে কে সিনহা এবং ত্রিপুরা পুলিশের ডিজিপি অমিতাভ রঞ্জন সাথে বৈঠক করেন ও রাজ্যের বর্তমান নিরাপত্তা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। তারপর তিনি বিওপি ইয়াকুবনগর ও লাঠিয়াপুরা পরিদর্শন করেন।

\*\*\*\*\*

**Courtsey meet :**

খেলাধুলার মাধ্যমে বাংলাদেশ ও ত্রিপুরার সম্পর্ক দৃঢ় করতে ইন্ডিয়া বাংলাদেশ স্পোর্টস ফ্রেন্ডশিপ ফোরামের একটি প্রতিনিধিদল গতকাল রাজ্যে আসেন। রাজ্যে এসে প্রতিনিধিদল টি ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্র টিঙ্কু রায়ের সাথে তাঁর বাসভবনে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে ত্রিপুরা ও বাংলাদেশের মধ্যে খেলাধুলার বিস্তারকে নিয়ে আলোচনা হয়। উল্লেখ্য এই বিষয়টি ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশন ও বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের মধ্যে এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে জানান গেছে।

\*\*\*\*\*

**Raid :**

আলু পেঁয়াজের মূল্যবৃদ্ধির কারণ খতিয়ে দেখতে গতকাল মহারাজগঞ্জ বাজারে অভিযান চালায় সদর মহকুমা প্রশাসনের এনফোর্সমেন্ট টীম। অভিযানের নেতৃত্বে ছিলেন খাদ্য দপ্তরের ডেপুটি ডাইরেক্টর স্বপন দেবর্মা। শ্রী দেবর্মা জানান অভিযানকালে আলু পেঁয়াজের দোকানগুলিতে বেশ কিছু অনিয়ম ধরা পড়েছে এবং সোমবারে সদর মহকুমা শাসকের কাছে এই বিষয়ক রিপোর্ট পেশ করা হবে বলে তিনি জানান।

\*\*\*\*\*

#### **Anti drug rally :**

ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটনেস অ্যাসোসিয়েশনের উদ্যোগে গতকাল রাজধানী আগরতলায় এক এন্টি ড্রাগ রেলী অনুষ্ঠিত হয়। সংস্থার প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে সমাজ সচেতনতামূলক এই কর্মসূচী পালিত হয়। র্যালিটি আগরতলা শহরের সিটি সেন্টারের সামনে থেকে শুরু হয়ে বিভিন্ন রাজপথ অতিক্রম করে রবীন্দ্রভবন প্রাঙ্গণে এসে শেষ হয়।

\*\*\*\*\*

#### **Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবলের উদ্বোধনী খেলায় সরোজ সংঘ খেলবে ইকফাই বিশ্ববিদ্যালয় দলের বিরুদ্ধে। আগামী ১৭ জুন থেকে এই আসর শুরু হবে। শনিবার সন্ধ্যায় টিএফএ অফিসে গ্রুপ বিন্যাস চূড়ান্ত হয়। মোট ১৬টি দলকে নিয়ে দুটি গ্রুপে এই আসর হবে। টিএফএ সচিব অমিত চৌধুরী এখবর জানান।

\*\*\*\*\*

**Heatwave :**

রাজধানী দিল্লি-সহ দেশের বিভিন্ন রাজ্যে ফের তাপপ্রবাহের সতর্কতা জারি করল ভারতীয় আবহাওয়া দপ্তর। পঞ্জাব, হরিয়ানা-চণ্ডীগড়-দিল্লি, উত্তর প্রদেশ, পূর্ব মধ্যপ্রদেশ, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খণ্ড ও উড়িষ্যার বিভিন্ন স্থানে আজ তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে।

\*\*\*\*\*

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ প্রধানত মেঘাচ্ছন্ন থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। প্রতিটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*